

বিজ্ঞপ্তি

তারিখ: ২১/১১/২০১৮ ।

ওয়েবসাইট: <http://iubd.info/admission>

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য বিভিন্ন ইউনিটের যে সকল ছাত্রছাত্রী মেধাতালিকায় আছে তাদের সকলকে শুভেচ্ছা জানাই। মোবাইল নম্বর ছাড়া Subject Choice form পূরণ করা যাবে না। প্রাথমিক আবেদন ফরম পূরণ করার সময় যে মোবাইল নম্বর প্রদান করা হয়েছিল শিক্ষার্থীদেরকে সেই মোবাইল নম্বর ব্যবহার করার জন্য জানানো যাচ্ছে। যদি কারো মোবাইল নম্বর ভুল দেখায় তাহলে ছাত্র/ছাত্রীর নাম, HSC পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, এবং HSC পরীক্ষায় ইংরেজী বিষয়ে প্রাপ্ত গ্রেডসহ সঠিক মোবাইল নম্বর ই-মেইল আইডি admissioniu2019@gmail.com এ পাঠানোর জন্য বলা হচ্ছে।

<http://admission.iubd.info/subject-choice> ওয়েবসাইটে বিভাগ/সাজেস্ট পছন্দ করা শুরু হয়েছে যা আগামী ২৩/১১/২০১৮ তারিখ বিকাল ৪টা ২৫ মিনিটের মধ্যে সম্পন্ন করতে হবে। পরবর্তী টেকনিক্যাল প্রক্রিয়া (Department Selection) সম্পন্ন করার জন্য ২৩/১১/২০১৮ তারিখ বিকাল ৪টা ৩০ মিনিট হতে ২৪/১১/২০১৮ তারিখ দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত Admission Web Server টি বন্ধ থাকবে।

২৪/১১/২০১৮ তারিখ দুপুর ১টা হতে ছাত্র-ছাত্রীগণ <http://admission.iubd.info/result> এই ওয়েবসাইটে ইউনিট এবং রোল নম্বর প্রদান করে তাদের প্রাপ্ত সাজেস্ট/বিভাগের নাম দেখতে পারবে। প্রাপ্ত বিভাগ অনুযায়ী <http://admission.iubd.info/> ওয়েবসাইটে Admission Registration –এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদান করে ভর্তির আবেদন ফরমটি পূরণ সম্পন্ন (Submit) করতে হবে। সম্পন্ন (Submit) করার পর Print option এ ক্লিক করে আবেদন ফরমটি A4 সাইজের ন্যূনতম 80GSM কাগজে প্রিন্ট করতে হবে, যা ইউনিট কর্তৃক নিদ্ধারিত সাক্ষাতকারের সময় ইউনিটে জমা দিতে হবে।

ধন্যবাদান্তে

টেকনিক্যাল কমিটি

ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯।